গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সিভিল রেজিস্ট্রেশন অধিশাখা
www.cabinet.gov.bd

**বিষয়ঃ সিআরভিএস (সিভিল রেজিস্ট্রেশন এন্ড ভাইটাল স্ট্যাটিসটিক্স)) বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি : জাহেদা পারভীন
সচিব, সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ।

তারিখ : ১৫ এপ্রিল ২০২৫

সময় : সকাল ১০:৩০ ঘটিকা

স্থান : মন্ত্রিপরিষদ বিভাগের সভা কক্ষ (কক্ষ নম্বর ১০০৫, ১০ম তলা, পরিবহন পুলভবন)।

**সভার উপস্থিতিঃ পরিশিষ্ট 'ক' সংযুক্ত**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি বলেন, সিআরভিএস কার্যক্রমটি মন্ত্রিপরিষদ বিভাগের Allocation of Business-এর অন্তর্ভুক্ত। মন্ত্রিপরিষদ বিভাগ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার মধ্যে সিআরভিএস কার্যক্রমের সমন্বয়কের দায়িত্ব পালন করে থাকে। জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ এবং এটির আওতায় প্রণীত জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৮ অনুসরণ করে রেজিস্ট্রার জেনারেলের কার্যালয় এবং মাঠ পর্যায়ে রেজিস্ট্রারগণ জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। তিনি বলেন, UNESCAP কর্তৃক ২০১৪ সালে থাইল্যান্ডের ব্যাংককে অনুষ্ঠিত 1st Ministerial Conference on CRVS-এ ২০১৫-২০২৪ মেয়াদে সিআরভিএস দশক হিসাবে ঘোষণা করা হয় এবং একটি Regional Action Framework (RAF) গৃহীত হয়। উক্ত ফ্রেমওয়ার্কে তিনটি অভিলক্ষ্য (Goals) ও একাধিক টার্গেট গৃহীত হয়। ইতোমধ্যে উক্ত দশকের সমাপ্তি হয়েছে। আগামী জুন ২০২৫ মাসে থাইল্যান্ডের ব্যাংককে 3rd Ministerial Conference on CRVS অনুষ্ঠিত হবে। উক্ত সম্মেলনে বাংলাদেশের সিআরভিএস বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতি তুলে ধরা হবে। এছাড়া, Sustainable Development Goals (SDG) ১৬.৯ অর্থাৎ "By 2030, provide legal identity for all, including birth registration" অর্জন করতে হবে।

০২। সভাপতি বলেন, সিআরভিএসের আন্তর্জাতিক লক্ষ্যমাত্রা অর্জন ও সিআরভিএস কার্যক্রম সমন্বয়ের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের আওতায় 'Technical Support for CRVS System Improvement in Bangladesh (Phase-V)' শীর্ষক প্রকল্প বাস্তবায়িত হচ্ছে। সিআরভিএস বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতি পর্যালোচনা করলে দেখা যায়, সিআরভিএস-এর বিভিন্ন টার্গেট অর্জনে বাংলাদেশ পিছিয়ে রয়েছে। উক্ত টার্গেটগুলোর মধ্যে অন্যতম দু'টি টার্গেট হচ্ছে ২০২৪ সালের মধ্যে জন্ম ও মৃত্যুর ১ বছরের মধ্যে যথাক্রমে জন্ম নিবন্ধন ১০০% এবং মৃত্যু নিবন্ধন ৫০% বাংলাদেশ কর্তৃক অর্জন করতে হবে। এ সকল বিষয়ে অর্জিত অগ্রগতি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

০৩। পরবর্তীতে সিআরভিএস বাস্তবায়ন কমিটির কার্যপরিধি সভায় উপস্থাপন করা হয়। অত:পর সভার কার্যপত্র অনুযায়ী বিস্তারিত আলোচনা করা হয়।

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১। | **পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ** | গত ০২ জুলাই ২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী-তে কোন সংশোধন এবং পরিমার্জন না থাকায় তা দৃঢ়ীকরণের সিদ্ধান্ত প্রস্তাব করা হয়। | ১.১। কার্যবিবরণীতে কোন সংশোধন/পরিমার্জন না থাকায় গত ০২ জুলাই ২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | মন্ত্রিপরিষদ বিভাগ |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- | --- |
| ২। | **জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত সিআরভিএস দশক-এর লক্ষ্যমাত্রা অর্জনের অগ্রগতি** | সিআরভিএস দশক-এর লক্ষ্যমাত্রা অনুযায়ী বাংলাদেশকে ২০২৪ সালের মধ্যে জন্ম ও মৃত্যুর ১ বছরের মধ্যে যথাক্রমে জন্ম নিবন্ধনের ১০০% এবং মৃত্যু নিবন্ধনের ৫০% অর্জন করতে হবে। সভায় জানানো হয় বাংলাদেশে জন্ম ও মৃত্যুর ১ বছরের মধ্যে নিবন্ধনের হার যথাক্রমে জন্ম নিবন্ধন ৫৪% (২০২৩) ও ৪৯% (২০২৪) এবং মৃত্যু নিবন্ধন ৪৯% (২০২৩) ও ৪৭% (২০২৪)। মৃত্যু নিবন্ধন লক্ষ্যমাত্রার কাছাকাছি হলেও জন্ম নিবন্ধনের হার সিআরভিএস দশকের লক্ষ্যমাত্রা থেকে অনেক পিছিয়ে আছে। এ বিষয়ে আলোচনায় অংশ নিয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন জানান যে, মাঠ পর্যায়ে সংশ্লিষ্টরা সচেষ্ট হলে আন্তর্জাতিক লক্ষমাত্রা অর্জন সম্ভব।<br><br>স্থানীয় সরকার বিভাগের প্রতিনিধি যুগ্মসচিব ড. আবু নছর মোহাম্মদ আব্দুল্লাহ সিআরভিএস দশক শেষে নতুনভাবে লক্ষ্যমাত্রা নির্ধারণের বিষয়ে আলোচনা করেন। সভায় জানানো হয়, জুন ২০২৫ মাসে অনুষ্ঠিতব্য 3rd Ministerial Conference on CRVS-এ সিআরভিএস সংক্রান্ত পরবর্তী লক্ষ্যমাত্রা নির্ধারিত হবে। | ২.১। সিআরভিএস সংক্রান্ত বিশেষ করে জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত আন্তর্জাতিক লক্ষ্যমাত্রা অর্জনে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়সহ মাঠ প্রশাসনের দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট সকলকে আন্তরিকতার সাথে দায়িত্ব পালন করতে হবে।<br><br>২.২। আগামী জুন ২০২৫ মাসে অনুষ্ঠিতব্য 3rd Ministerial Conference on CRVS-এ সিআরভিএস সংক্রান্ত পরবর্তী লক্ষ্যমাত্রা হবে। | ১। রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়;<br>২। মন্ত্রিপরিষদ বিভাগ।<br>নির্ধারিত |
| ৩। | **বিবাহ ও তালাক অনলাইন নিবন্ধন কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি** | সভায় জানানো হয় যে, বিবাহ ও তালাক নিবন্ধন সংক্রান্ত 'বন্ধন' সফটওয়্যারটি আইন ও বিচার বিভাগ কর্তৃক বাস্তবায়নের লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সঙ্গে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। এ সংক্রান্ত সফট্ওয়্যার তৈরির জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন Enhancing Digital Connectivity (EDC) প্রকল্পকে দায়িত্ব প্রদান করা হয়েছে।<br><br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর-এর প্রতিনিধি জানান, সফট্ওয়্যারটির TOR তৈরির লক্ষ্যে একটি কমিটি গঠন করা হয়েছে। | ৩.১। বিবাহ ও তালাক নিবন্ধন সংক্রান্ত 'বন্ধন' সফটওয়্যারটি বাস্তবায়নের লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ/ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এবং আইন ও বিচার বিভাগ যথাসম্ভব দ্রুত সমন্বয়পূর্বক সফটওয়্যারের TOR নির্ধারণ করে EOI আহ্বানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | ১। আইন ও বিচার বিভাগ;<br>২। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;<br>৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- | --- |
| | | TOR তৈরি হলে আগামী মে ২০২৫ মাসের প্রথম সপ্তাহে Expression of Interest (EOI)-এর জন্য বিজ্ঞাপন দেওয়া হবে। বিবাহ ও তালাক নিবন্ধন সিআরভিএস-এর অন্যতম উপাদান। এ বিষয়ে ডাটাবেজ না থাকায় ভাইটাল স্ট্যাটিসটিক্স তৈরি করা সম্ভব হচ্ছে না। বিবাহ ও তালাক নিবন্ধন কার্যক্রমটি গুরুত্ব ও দ্রুততার সাথে ডিজিটালাইজড করার জন্য বন্ধন সফটওয়্যার চালুর লক্ষ্যে আইন ও বিচার বিভাগ দ্রুত ব্যবস্থা গ্রহণ করবে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগীতা প্রদান করে মে/২০২৫ এর মধ্যে সকল কার্যক্রম সম্পন্ন করবে। | | |
| ৪। | **Health -CR লিঙ্ক হতে জন্ম-মৃত্যু নিবন্ধন নোটিফিকেশন BDRIS এ প্রেরণ** | জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়-কে স্বাস্থ্য অধিদপ্তর কি কি তথ্য Health -CR লিঙ্ক হতে প্রদান করবে সে বিষয়ে ২০২৩ সালে একটি সভা হয়েছিল। হাসপাতাল হতে জন্ম ও মৃত্যু সংক্রান্ত নোটিফিকেশন Birth and Death Registration Information System (BDRIS) এ প্রদান করা হলেও এক্ষেত্রে নিবন্ধনকারীগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ না করায় অগ্রগতি হচ্ছে না বলে DGHS প্রতিনিধি জানান। এ প্রসঙ্গে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় হতে জানানো হয়, প্রয়োজনীয় তথ্য সঠিকভাবে না পাওয়ায় নোটিফিকেশন অনুযায়ী নিবন্ধন করা যায় না। যথাসম্ভব এনআইডি'র তথ্যসহ নোটিফিকেশন প্রদান করার জন্য স্বাস্থ্যসেবা বিভাগ/স্বাস্থ্য অধিদপ্তর-কে সভায় অনুরোধ জানানো হয়। এ সংক্রান্ত কোন কারিগরি সমস্যা থাকলে তা নিরসনে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় ও স্বাস্থ্য অধিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে বলে আলোচনা হয়। | ৪.১। Health-CR লিঙ্ক হতে জন্ম-মৃত্যু নিবন্ধন নোটিফিকেশন BDRIS এ প্রেরণের ক্ষেত্রে যথাসম্ভব এনআইডি'র তথ্যসহ নোটিফিকেশন প্রদান করার জন্য স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য অধিদপ্তর উদ্যেগ গ্রহণ করবে।<br><br>৪.২। Health-CR লিঙ্ক হতে জন্ম-মৃত্যু নিবন্ধন নোটিফিকেশন BDRIS এ প্রেরণ সংক্রান্ত কারিগরি সমস্যা নিরসনে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় ও স্বাস্থ্য অধিদপ্তর কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে। | ১। স্বাস্থ্য সেবা বিভাগ/ স্বাস্থ্য অধিদপ্তর;<br><br>২। রেজিস্ট্রার জেনারেল, জন্ম মৃত্যু নিবন্ধন কার্যালয়। |
| ৫। | **ইউনিক আইডি (UID) বাস্তবায়ন** | ব্যানবেইস প্রতিনিধি ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধি সভায় জানান যে, শিক্ষার্থীদের প্রোফাইল | ৫.১। প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়নে ইউনিক | ১। রেজিস্ট্রার জেনারেল, জন্ম মৃত্যু নিবন্ধন |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- | --- |
| | | প্রণয়নে ইউনিক আইডি ব্যবহারের বিষয়ে পিতা-মাতার এনআইডি/জন্ম সনদ এর উপর ভিত্তি করে শিক্ষার্থীদের ইউনিক আইডি প্রদান কার্যক্রম চলমান রয়েছে। তবে এক্ষেত্রে কিছু কারিগরি জটিলতা রয়েছে। এ বিষয়ে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ব্যানবেইস ও জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগের টেকনিক্যাল প্রতিনিধিগণের সমন্বয়ে আলোচনাপূর্বক কারিগরি জটিলতা নিরসন করতে হবে। রেজিস্ট্রার জেনারেল বলেন, ডাটা সিকিউরিটির বিষয়টি বিবেচনায় রাখতে হবে। | আইডি ব্যবহারের বিষয়ে উদ্ভুত কারিগরি জটিলতা নিরসনে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ব্যানবেইস ও জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগের টেকনিক্যাল প্রতিনিধিগণের সমন্বয়ে কারিগরি জটিলতা দ্রুত নিরসন করতে হবে। | কার্যালয়;<br>২। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর;<br>৩। ব্যানবেইস;<br>৪। জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ। |
| ৬। | **BDRIS (Birth and Death Registration Information System) ড্যাশবোর্ড তৈরি** | সভায় রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় জানান, জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত BDRIS সিস্টেমের ড্যাশবোর্ড তৈরি প্রায় শেষ পর্যায়ে। SQTC টেস্টের রিপোর্ট পাওয়া গেছে। অন্যান্য প্রয়োজনীয় সকল টেস্ট রিপোর্ট পাওয়া গেলে ড্যাশবোর্ডটি দ্রুত চালু করা সম্ভব হবে। এ বিষয়ে বিসিসি প্রতিনিধি জানান, আগামী ২৪/০৪/২০২৫ তারিখের মধ্যে বাকি দুটি টেস্ট রিপোর্ট প্রদান করা সম্ভব হবে। ড্যাশবোর্ড তৈরি হলে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা ও মনিটরিং কার্যক্রমে উল্লেখযোগ্য পরিবর্তন আসবে বলে জানান। সভায় ড্যাশবোর্ড তৈরি মে ২০২৫ মাসের মধ্যে শেষ করার জন্য রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় ও বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলকে অনুরোধ করা হয়। | ৬.১। জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ে BDRIS সিস্টেমের ড্যাশবোর্ড সংক্রান্ত সকল টেষ্ট আগামী ২৪/০৪/২০২৫ তারিখের মধ্যে সম্পন্ন করে মে ২০২৫ এর মধ্যে ড্যাশবোর্ড চালু করতে হবে। | ১। রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়;<br>২। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)। |
| ৭। | **Civil Registration (CR) ডাটা হতে ভাইটাল স্ট্যাটেসটিক্স প্রণয়ন** | সিআর ডাটা হতে ভাইটাল স্ট্যাটিসটিক্স প্রণয়নের বিষয়ে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) প্রতিনিধি জানান যে, বিবিএস এবং জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়ের মধ্যে এ বিষয়ে সমঝোতা স্মারক সম্পন্ন হয়েছে। সিআর ডাটা স্থানান্তর বিষয়ে | ৭.১। জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো আগামী ২৪/০৪/২০২৫ তারিখের মধ্যে BDRIS হতে বিবিএস-কে সিআর বিষয়ক তথ্য প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | ১। রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়;<br>২। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | কারিগরি পর্যায়ের কার্যক্রম চলছে।<br>আগামী জুন ২০২৫ এ 3rd Ministerial Conference এর পূর্বে ভাইটাল স্ট্যাটিসটিক্স তৈরি কার্যক্রমে ইতিবাচক পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে আগামী ২৪/০৪/২০২৫ তারিখের মধ্যে BDRIS হতে বিবিএস-কে সিভিল রেজিস্ট্রেশন তথ্য প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় এবং বিবিএস-কে অনুরোধ করা হয়। | ৭.২। আগামী জুন ২০২৫ মাসে অনুষ্ঠিতব্য 3rd Ministerial Conference এর পূর্বে ভাইটাল স্ট্যাটিসটিক্স প্রণয়নপূর্বক প্রতিবেদন দাখিল করতে হবে। | |
| ৮। | **সিআরভিএস বিষয়ক কোর কমিটি এবং এর আওতায় ওয়ার্কিং গ্রুপ গঠন** | সিআরভিএস বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত মোতাবেক সিআরভিএস বিষয়ক কোর কমিটি এবং এর আওতায় ওয়ার্কিং গ্রুপ গঠন করা হয়েছে। গত ২৩ সেপ্টেম্বর ২০২৪ তারিখে কোর কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। কোর কমিটিকে সহায়তা প্রদানের লক্ষ্যে ওয়ার্কিং গ্রুপের কয়েকটি সভা অনুষ্ঠিত হয়েছে।<br>CRVS Assessment, Analysis and Redesign এবং Strategic and Action Plan প্রস্তুত করা ও অনুমোদন গ্রহণের জন্য সিআরভিএস বাস্তবায়ন কমিটির নিকট উপস্থাপন করার লক্ষ্যে কাজ চলমান রয়েছে। সভায় জানানো হয় যে, CRVS Business Process Map ও Strategic and Action Plan এর খসড়া মে ২০২৫ মাসের মধ্যে কোর কমিটিতে উপস্থাপন করা হবে। সভাপতি Strategic and Action Plan প্রণয়ন কাজ ১৫ মে ২০২৫ তারিখের মধ্যে সম্পন্ন করে বাস্তবায়ন কমিটির পরবর্তী সভায় উপস্থাপন করার নির্দেশনা প্রদান করেন। | ৮.১। CRVS Assessment, Analysis and Redesign এবং Strategic and Action Plan প্রণয়ন ১৫ মে ২০২৫ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে এবং বাস্তবায়ন কমিটির পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | সিআরভিএস ওয়ার্কিং গ্রুপ এবং কোর কমিটি, মন্ত্রিপরিষদ বিভাগ; |
| ৯। | **সিআরভিএস প্লাটফর্ম তৈরি** | সভায় জানানো হয় যে, ইতোপূর্বে সিআরভিএস সংক্রান্ত বিদ্যমান ডাটাবেইজসমূহের মধ্যে Interoperability জোরদারকরণ সংক্রান্ত উপ-কমিটির ১৫ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের সুপারিশ মোতাবেক | ৯.১। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ সিআরভিএস প্লাটফর্ম তৈরির বিষয়ে SOP প্রণয়নসহ অন্যান্য কাজ আগামী ২০ জুন ২০২৫ তারিখের মধ্যে সম্পন্ন করতে | তথ্য যোগাযোগ ও প্রযুক্তি বিভাগ |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | সিআরভিএস প্লাটফর্ম তৈরি করার জন্য সিআরভিএস স্টিয়ারিং কমিটির সভায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ-কে দায়িত্ব প্রদান করা হয়। সর্বশেষ তথ্য অনুযায়ী, তথ্য ও প্রযুক্তি বিভাগ হতে সকল ডাটাবেজের মধ্যে Interoperability নিশ্চিত করার জন্য একটি Standard Operating Procedure (SOP) প্রস্তুতের লক্ষ্যে সংশ্লিষ্টদের সমন্বয়ে একটি টেকনিক্যাল কমিটি গঠন করা হয়েছে। তবে কোন অগ্রগতি নেই। বিসিসি প্রতিনিধি জানান, সিআরভিএস প্লাটফর্মটি বিসিসি হতে দ্রুততম সময়ের মধ্যে তৈরি করা সম্ভব। সিআরভিএস প্লাটফর্ম তৈরি আগামী ২০ জুন ২০২৫ তারিখের মধ্যে সম্পন্ন করার জন্য তথ্য ও প্রযুক্তি বিভাগ-কে অনুরোধ করা হয়। | হবে। | |
| ১০। | **Technical Support for CRVS System Improvement in Bangladesh (Phase-V) শীর্ষক প্রকল্পের কার্যক্রম** | সভায় জানানো হয় যে, গত ১৫ মে ২০২৪ তারিখে প্রকল্পের প্রশাসনিক আদেশ জারি হয়েছে। প্রকল্পের প্রকল্প পরিচালক, উপ-প্রকল্প পরিচালক ও অন্যান্য জনবল নিয়োগ করা হয়েছে। একটি কার্যকরী কর্ম-পরিকল্পনা প্রণয়নপূর্বক প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন চলমান আছে। প্রকল্পটি ২০টি জেলায় বাস্তবায়িত হচ্ছে। তন্মধ্যে ১৭টি জেলায় সিআরভিএস বাস্তবায়ন বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। অবশিষ্ট ৩টি জেলায় কর্মশালা/প্রশিক্ষণ অবিলম্বে সম্পন্ন করা হবে। প্রশিক্ষণ/কর্মশালায় জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয় এবং মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট সকলকে আন্তরিকতার সাথে অংশগ্রহণ এবং এ কাজে গতি আনার লক্ষ্যে কাজ করতে হবে। | ১০.১। Technical Support for CRVS System Improvement in Bangladesh (Phase-V) শীর্ষক প্রকল্পের কার্যক্রম কর্ম-পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে সম্পন্ন করতে হবে। | মন্ত্রিপরিষদ বিভাগ |
| ১১ | **3rd Ministerial Conference on CRVS সংক্রান্ত আলোচনা** | আগামী ২৪-২৬ জুন ২০২৫ তারিখে থাইল্যান্ডের রাজধানী ব্যাংককে '3rd Ministerial Conference on Civil Registration and Vital Statistics in Asia and the Pacific' শীর্ষক সম্মেলন অনুষ্ঠিত হবে। উক্ত সম্মেলনে | ১১.১। 3rd Ministerial Conference on CRVS-এ অংশগ্রহণ উপলক্ষ্যে সিআরভিএস সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর নিজ নিজ অর্জন, অগ্রগতি এবং চ্যালেঞ্জসমূহ আগামী | ১। সিআরভিএস সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/ অধিদপ্তর; ২। মন্ত্রিপরিষদ বিভাগ। |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | সিআরভিএস দশক (২০১৫-২০২৪)-এর লক্ষ্যমাত্রা অর্জন ও পরবর্তী করণীয় বিষয়ে আলোচনা করা হবে। সম্মেলনে বাংলাদেশের একটি উচ্চ পর্যায়ের প্রতিনিধি দল অংশগ্রহণ করবে। সম্মেলনে বাংলাদেশের অবস্থানপত্র (Country Statement) উপস্থাপনের লক্ষ্যে সিআরভিএস-এর বিভিন্ন লক্ষ্যমাত্রা অর্জন, অগ্রগতি এবং এ বিষয়ে চ্যালেঞ্জসমূহ চিহ্নিত করে বক্তব্য আগামী ৩০ এপ্রিল ২০২৫ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্বাস্থ্য অধিদপ্তর, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, আইন ও বিচার বিভাগসহ সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে অনুরোধ জানানো হয়। প্রাপ্ত তথ্যসমূহ সংকলিত করে চূড়ান্ত অবস্থানপত্র তৈরির জন্য মন্ত্রিপরিষদ বিভাগ-কে দায়িত্ব প্রদান করা হয়। | ৩০ এপ্রিল ২০২৫ তারিখের মধ্যে Country Statement প্রস্তুতের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবে। মন্ত্রিপরিষদ বিভাগ তা চূড়ান্ত করবে। | |

০৩। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Zahede
২২.০৪.২০২৫

(জাহেদা পারভীন)
সচিব
সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ
ও
সভাপতি
সিআরভিএস বাস্তবায়ন কমিটি